# পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

## ছাত্রীনিবাস

**আবাসিক শিক্ষার্থী ভর্তির নোটিশ** তারিখঃ ২০/০৭/২০২৫ খ্রি.

নিরিবিলি মনোরম নৈশর্গিক পরিবেশে অবস্থিত আধুনিক সুযোগ- সুবিধা ও সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থার মধ্যে পীরগঞ্জ সরকারি কলেজ ক্যাম্পাসে অবস্থিত ১৫২ শয্যার পাঁচতলা বিশিষ্ট আধুনিক ছাত্রীনিবাসে কিছু সংখ্যক খালী আসনে ভর্তির জন্য অত্র কলেজে অধ্যয়নরত শিক্ষার্থী(ছাত্রী) দের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তসমূহ:

০১। আগামী ২১/০৭/২০২৫ খ্রি. তারিখ হতে ২৪/০৭/২০২৫খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সহকারী হোস্টেল সুপার জনাব মোঃ আমিনুর রহমান, প্রভাষক, উদ্ভিদবিজ্ঞান অথবা ছাত্রীনিবাসে অবস্থানরত মেট্রন এর নিকট হতে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

০২। দুরত্ব, ফলাফল, বিষয় ও শ্রেণি বিবেচনায় ছাত্রীনিবাসে সিট বরাদ্দ দেওয়া হবে।

০৩। ভর্তির পর কমপক্ষে ০৬ (ছয় মাস) ছাত্রীনিবাসে অবস্থান করতে হবে।

০৪। সিট ভাড়া প্রতি মাস=৫০০/- (পাঁচশত) টাকা।

০৫। ভর্তির সময় ০২ মাসের সিট ভাড়া জামানত হিসেবে প্রদান করতে হবে (শেষ দুই মাসের ভাড়ার সাথে জামানত সমন্বয় করা হবে)।

০৬। জামানত ও ১ম মাসের ভাড়াসহ ভর্তির সময় সর্বমোট=১,৭০০/- (এক হাজার সাতশত) টাকা প্রদান করতে হবে।

০৭। প্রতি মাসের ভাড়া মাসের ১০ থেকে ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

০৮। ভর্তি ফরমের সাথে বিগত পরীক্ষার সার্টিফিকেটের ১ টি কপি, জন্ম নিবন্ধন/ এন আইডির কপি, পিতা মাতার এন আইডির কপি ও দুই(২) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

০৯। কোন শিক্ষার্থীর দুই মাসের সিট ভাড়া বকেয়া পড়লে কোন নোটিশ ছাড়াই তার বরাদ্দকৃত সিট বাতিল করা হবে।

১০। মাগরিবের আযানের সংগে সংগে হোস্টেল গেট বন্ধ করা হবে। সন্ধার পর কোন অজুহাতেই হোস্টেলের বাইরে যাওয়া যাবে না বা প্রবেশ করা যাবে না।

১১। নিজ মা/বোন ব্যতিত কোন অতিথি হোস্টেলে প্রবেশ করতে পারবে না বা রুমে নেওয়া যাবে না।

১২। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোন গেস্টকে রুমে রাখা যাবে না। কোন অবস্থাতেই ডাইনিং-এ গেস্ট মিল চালানো যাবে না।

১৩। প্রতি ফরমপূরণ ও ভর্তিতে হোস্টেল ক্লিয়ারেন্স গ্রহণ করতে হবে।

১৪। হোস্টেলের সিট ত্যাগ করতে চাইলে কমপক্ষে একমাস পূর্বে হোস্টেল সুপার বা সহকারী হোস্টেল সুপারের নিকট লিখিত আবেদন করতে হবে এবং হোস্টেল ত্যাগের পূর্বে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

১৫। রুমে ইস্ত্রি, ফ্রিজ, হিটার, রান্নার সামগ্রী ইত্যাদি ব্যবহার করা যাবে না। পাওয়া গেলে জরিমানা আদায় করা হবে।

১৬। সন্দেহজনক, নিষিদ্ধ এবং অবৈধ কোন প্রকার দ্রব্য কক্ষে রাখা যাবে না।

১৭। স্বর্ণালংকার, ল্যাপটপ ও অন্যান্য মূল্যবান সামগ্রী নিজ দ্বায়িত্বে রাখতে হবে।

১৮। হোস্টেল কর্তৃপক্ষ ও কলেজ প্রশাসনের বিদ্যমান বিধি ও ভবিষ্যতে প্রবর্তিত সকল বিধি মেনে চলতে হবে।

২০।০৭।২৫

(প্রফেসর মোঃ বদরুল হুদা)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

(মোঃ আমিনুর রহমান)
সহকারী হোস্টেল সুপার
১৫২ শয্যা বিশিষ্ট ছাত্রীনিবাস
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২০।০৭।২৫

(বেগম রেজিনা পারভীন)
হোস্টেল সুপার
১৫২ শয্যা বিশিষ্ট ছাত্রীনিবাস
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।